

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ২২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৫ শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ০৫ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/২০ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৬৬-আইন/২০১৭/০৫.০০.০০০০.১৭৪.২২.০০৩.১৬।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০ এর দফা (২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস (পদোন্নতির জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা/প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে এই বিধিমালায়,—

- (ক) “ক্যাডার পদ” অর্থ Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর Schedule II এ বর্ণিত পদ;
- (খ) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;
- (গ) “পরীক্ষা” অর্থ Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর rule 5 (b) এর উদ্দেশ্য পূরণকল্পে পরিচালিত পরীক্ষা;
- (ঘ) “পরীক্ষার্থী” অর্থ পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থী;
- (ঙ) “সার্ভিস” অর্থ Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর Schedule I এ বর্ণিত সার্ভিস।

(৮৮৪৩)

মূল্য : টাকা ৪.০০

৩। পরীক্ষা পরিচালনা।—(১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ৬ষ্ঠ গ্রেড এ ৩৫৫০০—৬৭০১০/- টাকার স্কেলে পদোন্নতির জন্য কমিশন সার্ভিসের সদস্যদের পরীক্ষা গ্রহণ করিবে, এবং উক্ত পরীক্ষা একই পঞ্জিকা বৎসরে দুইবার অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, দুই পরীক্ষার মধ্যে অন্ত্যন ৫ (পাঁচ) মাসের ব্যবধান থাকিবে এবং সাধারণভাবে উক্ত পরীক্ষা ফেব্রুয়ারি ও আগস্ট মাসে অনুষ্ঠিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন পরীক্ষা সকল প্রশাসনিক বিভাগে অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, কমিশনের মতে কোন প্রশাসনিক বিভাগে পরীক্ষা অনুষ্ঠানের জন্য পরীক্ষার্থীর সংখ্যা পর্যাপ্ত না হইলে কমিশন উক্ত প্রশাসনিক বিভাগের পরীক্ষা অন্য যে কোন প্রশাসনিক বিভাগে গ্রহণ করিতে পারিবে।

৪। পরীক্ষার সময়সূচি।—পরীক্ষার তারিখ, সময়, স্থান এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলি সম্বলিত পরীক্ষার সময়সূচি কমিশন পরীক্ষার জন্য নির্ধারিত তারিখের অন্ত্যন ৬০ (ষাট) দিন পূর্বে, পত্রিকা, ওয়েবসাইট এবং অন্যান্য সংবাদ মাধ্যমে, ঘোষণা করিবে এবং একই সঙ্গে উক্ত সময়সূচির কপি সার্ভিস নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় এবং বিভাগে প্রেরণ করিবে।

৫। যোগ্যতা, ইত্যাদি।—(১) কোন কর্মচারী সার্ভিসে তাহার চাকরিতে স্থায়ী না হইলে এবং স্থায়ী ক্যাডারে চাকরিকাল ৪ (চার) বৎসর পূর্ণ না হইলে পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হইবেন না।

(২) কোন পরীক্ষার্থী কোন পরীক্ষায় বিধি ৭ এ বর্ণিত তিনটি বিষয়ে একই সঙ্গে অথবা কম সংখ্যক বিষয়ে অংশগ্রহণ করিতে পারিবেন।

(৩) কোন কর্মচারী স্থায়ী ক্যাডারে চাকরির মেয়াদ ১৪ (চৌদ্দ) বৎসর পূর্ণ হইলে তিনি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন না।

৬। আবেদনপত্র জমা।—(১) পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে নির্দিষ্ট তারিখের মধ্যে কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসরণক্রমে আবেদনপত্র অনলাইনে পূরণপূর্বক প্রার্থী উহার একটি কপি কমিশন কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে সরাসরি কমিশনে প্রেরণ করিবে এবং কমিশন কর্তৃক নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

(২) প্রার্থীগণ আবেদনপত্রের ১ (এক) টি অনুলিপি স্ব-স্ব ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় বা বিভাগে আবশ্যিকভাবে প্রেরণ করিবে।

(৩) কমিশন তৎকর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উক্ত আবেদনপত্র যাচাইপূর্বক পরীক্ষা গ্রহণ করিবে, তবে ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক প্রার্থীর প্রাপ্ত তথ্যাদি পর্যালোচনান্তে কোন অসঙ্গতি পরিলক্ষিত হইলে উহা পরীক্ষা অনুষ্ঠানের ১৫ (পনের) দিন পূর্বে কমিশনকে অবহিত করিবে।

৭। পরীক্ষার বিষয়সমূহ।—(১) লিখিত পরীক্ষার জন্য নিম্নবর্ণিত তিনটি পত্র থাকিবে, যথা:—

- (ক) বাংলাদেশ ও চলতি বিষয়াবলির উপর একটি পত্র;
- (খ) সকল সরকারি অফিসে প্রযোজ্য আইন, বিধিমালা এবং প্রবিধানমালার উপর একটি পত্র; এবং
- (গ) স্ব স্ব ক্যাডারের কার্যাবলির উপর একটি পত্র।

(২) সরকার, সময় সময়, আদেশ দ্বারা, সিলেবাস প্রণয়ন করিবে।

(৩) প্রতিটি পত্রের পরীক্ষা ১০০ নম্বরের এবং পরীক্ষার সময়সীমা তিন ঘণ্টা হইবে।

(৪) প্রতিটি পত্রের সর্বনিম্ন পাশ নম্বর শতকরা পঞ্চাশ ভাগ হইবে।

৮। অব্যাহতি।—(১) Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর rule 5 (b) তে যাহা কিছুই থাকুক না কেন, কোন কর্মচারী এই বিধিমালার বিধান অনুযায়ী পরীক্ষায় কৃতকার্য হইতে না পারিলে, সার্ভিসে তাহার চাকরির ১৫ (পনের) বৎসর পূর্তিতে ৬ষ্ঠ গ্রেড এ ৩৫৫০০—৬৭০১০/- টাকার স্কেলে পদোন্নতির জন্য বিবেচিত হইবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন কর্মচারী পদোন্নতি প্রাপ্ত হইলে এবং উক্ত পদোন্নতি প্রাপ্ত পদে ৫ (পাঁচ) বৎসর পূর্ণ হইলে উক্ত কর্মচারী ৫ম গ্রেড এ ৪৩০০০—৬৯৮৫০/- টাকার স্কেলের পদে পদোন্নতির জন্য বিবেচিত হইবেন, তবে ইহার পর তিনি আর পুনঃ পদোন্নতির যোগ্য হইবেন না।

(৩) উপ-বিধি (১) ও (২) এর অধীন কোন কর্মচারী পদোন্নতি প্রাপ্ত হইবেন না যদি না সার্ভিসে তাহার চাকরি সন্তোষজনক হয় এবং এই উদ্দেশ্যে গঠিত বিভাগীয় পদোন্নতি বা নিয়োগ বোর্ড উক্ত পদোন্নতির জন্য সুপারিশ করে।

৯। রহিতকরণ/ও হেফাজত।—(১) Bangladesh Civil Service (Examination for Promotion) Rules, 1986 এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত রহিত বিধিমালার অধীন যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীনে সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি যতদূর সম্ভব, এই বিধিমালার অধীনে নিষ্পন্ন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।